দৈনিক জনকণ্ঠ

MAR. 19 2002

তারিখ ...
পৃষ্ঠা ... কলাম ...

# ক্যাম্পাসে যুবক যুবতীদের আপত্তিকর মেলামেশা থেকে বিরত থাকার নির্দেশ

ঢাকা বিশ্ববিদ্যালয় এলাকায় আপত্তিকর মেলামেশা বা কর্মকাণ্ড থেকে বিরত থাকার জন্য বহিরাগত যুবক-যুবতীদের প্রতি নির্দেশ দেয়া হয়েছে। একই সঙ্গে আপত্তিকর কর্মকাণ্ডে লিপ্তদের বিরুদ্ধে প্রয়োজনীয়

(২- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## ক্যাম্পাসে যুবক

(প্রথম পাতার পর)

ব্যবস্থা নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর প্রতি অনুরোধ জানিয়েছে।

সোমবার এক বিজ্ঞপ্তিতে জানানো হয়, বিশ্ববিদ্যালয় এলাকার বিভিন্ন স্থানে বেশ কিছু যুবক-যুবতী সন্ধ্যার পর থেকে গভীর রাত পর্যন্ত আপত্তিকর অবস্থায় মেলামেশা করে। ক্যাম্পাসে আগত এই যুবক-যুবতীদের বেশিরভাগই বহিরাগত। তারা ক্যাম্পাসের খোলামেলা পরিবেশের সুযোগ নিয়ে অসামাজিক (পাবলিক নুইসেন্স) কর্মকাণ্ডে লিপ্ত হচ্ছে। বাংলাদেশের সামাজিক-সাংস্কৃতিক মূল্যবোধের প্রেক্ষিতে এ ধরনের আচরণ অগ্রহণযোগ্য ও শাস্তিযোগ্য। এ ছাড়াও কতিপয় নেশাগ্রস্ত বহিরাগত তরুণ-যুবক সন্ধ্যার পর বিশ্ববিদ্যালয় এলাকায় মাদকদ্রব্য সেবন করে বিশ্ববিদ্যালয়ের পরিবেশ কলুষিত করছে। বিশ্ববিদ্যালয় এলাকায় বসবাসকারী শিক্ষক, তাঁদের সন্তান-সন্ততি ও পরিবারের অন্য সদস্যরা প্রায়ই এসব দৃশ্য দেখে বিব্রতকর অবস্থার সম্মুখীন হন। বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীসহ সমাজের অনেকেই এই অবস্থার অবসানে কার্যকর ব্যবস্থা নেয়ার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষকে অনুরোধ জানিয়েছেন।